ইত্তেফাক

তারিখ 10/2/83
পৃষ্ঠা ...

024

# শিক্ষানীতি একটি অব্যাহত প্রক্রিয়া

—শিক্ষামন্ত্রী

( চট্টগ্রাম অফিস হইতে )

৮ই ফেব্রুয়ারী—শিক্ষামন্ত্রী জনাব আবদুল মজিদ খান বলেন যে, নয়া শিক্ষানীতিতে ডঃ কুদরত-ই খুদা শিক্ষা কমিশনের রিপোর্টের তথ্যসমূহের উপর সবচাইতে বেশী গুরুত্ব দেওয়া হইয়াছে। শিক্ষামন্ত্রী আজ স্থানীয় জেলা পরিষদ মিলনায়তনে এক সর্বস্তরের জনসাধারণের সমাবেশে প্রধান অতিথির বক্তৃতা দিতেছিলেন। তিনি বলেন, বিশেষ করিয়া নবম শ্রেণী হইতে সমন্বিত কোর্স ঐ রিপোর্টের সুপারিশ হইতে গ্রহণ করা হইয়াছে। প্রকৃত অর্থে বর্তমান সরকার ক্ষমতায় আসার পর হইতেই ইহা শুরু হইয়াছে। বর্তমান পর্যায়ে ইহার প্রাসঙ্গিক তথ্যসমূহের বিশ্লেষণ চলিতেছে।

বাসস পরিবেশিত খবরে বলা হয়, শিক্ষামন্ত্রী বলেন, একটি স্থায়ী শিক্ষা নীতি সম্ভব নয়, কেননা শিক্ষা একটি অব্যাহত প্রক্রিয়া। চাহিদা এবং পরিস্থিতির প্রয়োজনে শিক্ষা নীতিকে পরিবর্তন করিতে হয়। তবে এই নীতির প্রধান দিকসমূহ অপরিবর্তিত থাকিবে।

ধর্মীয় শিক্ষা প্রসঙ্গে জনাব খান বলেন, মহানবীর (দঃ) সময় হইতেই ইসলাম একটি ধর্মনিরপেক্ষ দৃষ্টিভঙ্গী অনুসরণ করিয়া আসিয়াছে। প্রাথমিক পর্যায়ে সঙ্গীত শিক্ষা চালু প্রসঙ্গে মন্ত্রী বলেন, তরুণ সম্প্রদায়ের মধ্যে 'সৌন্দর্যবোধ' ও 'সৃজনশীলতা' গড়িয়া তোলাই ইহার উদ্দেশ্য।